



তৃতীয়বার বিয়ে করলেন আমির খান



তৃতীয়বার বিয়ে করলেন আমির খান। ছবি: সংগৃহীত

দীর্ঘদিনের সম্পর্কের পর অবশেষে নতুন জীবনে পা রাখলেন বলিউড তারকা আমির খান ও গৌরী স্প্র্যাট। রোববার (৫ জুলাই) মুম্বাইয়ের বান্দ্রায় আমিরের নিজ বাসভবনে পরিবারের সদস্য ও ঘনিষ্ঠজনদের উপস্থিতিতে ঘরোয়া আয়োজনে তাদের বিয়ের আনুষ্ঠানিকতা সম্পন্ন হয়। অনুষ্ঠানে আমিরের আগের দুই সংসারের তিন সন্তানও উপস্থিত ছিলেন।

আমির খানের মুখপাত্র ভারতীয় গণমাধ্যমকে তাদের বিয়ের খবর নিশ্চিত করেছেন।

বিয়ের অনুষ্ঠানে আমিরের সন্তান জুনাইদ খান, আইরা খান ও আজাদ ছাড়াও উপস্থিত ছিলেন পরিচালক আশুতোষ গোয়ারিকর, অভিনেত্রী রিয়া চক্রবর্তী, এলি আবরাম, সাবেক ক্রিকেটার ইরফান পাঠান, রাজনীতিক রাজ ঠাকরে এবং কৌতুকশিল্পী বীর দাসসহ পরিবারের ঘনিষ্ঠজনরা।

সামাজিক মাধ্যমে ইরফান পাঠান শেয়ার করা একটি ভিডিওতে দেখা যায়, আমির ও গৌরী বিয়ের শপথ নিচ্ছেন। পরে তারা একে অপরকে আলিঙ্গন করেন এবং আনন্দঘন পরিবেশে নাচতেও দেখা যায়।

আমির ও গৌরীর পরিচয় নতুন নয়। প্রায় ২৫ বছর আগে প্রথম দেখা হলেও ২০২৪ সালে আমিরের কাজিন নুজহাত খানের মাধ্যমে বেঙ্গালুরুতে তাদের আবার যোগাযোগ হয়। সেখান থেকেই সম্পর্কের নতুন অধ্যায় শুরু হয়। প্রায় এক বছর দূরত্বের সম্পর্কের পর নিজের ৬০তম জন্মদিনে গণমাধ্যমের সামনে গৌরীকে জীবনের সঙ্গী হিসেবে পরিচয় করিয়ে দেন আমির।

গৌরী স্প্র্যাট আগে একটি হেয়ারকেয়ার প্রতিষ্ঠানে কাজ করতেন। বর্তমানে তিনি আমির খান প্রোডাকশন্সের সঙ্গে যুক্ত রয়েছেন। বিয়ের আগেই এক বছরের বেশি সময় ধরে তারা বান্দ্রার বাসভবনে একসঙ্গে বসবাস করছিলেন। সম্প্রতি একটি চলচ্চিত্রের প্রিমিয়ারে আমির জানিয়েছিলেন, তাদের বিয়ে আইনগতভাবে নিবন্ধনের মাধ্যমে সম্পন্ন হবে।

এটি আমির খানের তৃতীয় বিয়ে। ১৯৮৬ সালে তিনি ব্লানা দত্তকে বিয়ে করেন। সেই সংসারে জন্ম নেয় জুনাইদ ও আইরা। ২০০২ সালে তাদের বিচ্ছেদের পর ২০০৫ সালে তিনি নির্মাতা কিরণ রাওকে বিয়ে করেন। ২০১১ সালে সারোগেসির মাধ্যমে তাদের ছেলে আজাদের জন্ম হয়। ২০২১ সালে কিরণ রাওয়ের সঙ্গে বিচ্ছেদ হলেও সন্তানের দায়িত্ব পালন এবং পেশাগত সম্পর্কের ক্ষেত্রে দুজনের সঙ্গেই আমিরের সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক বজায় রয়েছে।